

যুগান্তর

তারিখ
 ক্রমাঙ্ক

কুমিল্লা সার্ভে ইন্সটিটিউটে ছাত্র বিক্ষোভ

ভাংচুর : ৪০ ফুট রেললাইন উৎপাটন

● জিপি-জিএসসই ৩১ ছাত্র জেলহাজতে

নওশাদ কবীর, কুমিল্লা থেকে

বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউটের বিক্ষুব্ধ ছাত্ররা গতকাল বোববার দুপুরে ঢাকা-চট্টগ্রাম রেলপথের কুমিল্লা রেলওয়ে স্টেশনের আউটার দৌলতপুর লেবেল ত্রুটি সংশোধনের কাজে ৪০ ফুট দীর্ঘ লাইন উৎপাটন, শিক্ষক কক্ষ এবং ফ্যাসিলিটিজ বিভাগের নির্বাহী প্রকৌশলীর একটি গাড়ি ভাংচুর করেছে। এ ঘটনায় ঢাকা-চট্টগ্রাম রেলপথে তিন ঘণ্টা ট্রেন চলাচল বন্ধ ছিল। কোতোয়ালি পুলিশ ওই ইন্সটিটিউটের ছাত্র সংসদের সহ-সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ৩১ জন ছাত্রকে মেফতার করেছে। গতকাল সন্ধ্যায় মেফতারকৃতদের কুমিল্লা কেন্দ্রীয় কারাগারে প্রেরণ করা হয়েছে।

পুলিশ জানায়, ইউনিয়ন জুমি অফিসের সহকারী, তহসিলদারদের ক্র্যাশ প্রোগ্রামের মাধ্যমে সার্ভেয়ার প্রশিক্ষণ প্রদান এবং

কুমিল্লা : পৃষ্ঠা : ১৫ কলাম : ২

কুমিল্লা : সার্ভে

(শেষ পৃষ্ঠার পর)

সহকারী তহসিলদার পদতে পরিবর্তন করে সহকারী তহসিলদারের কাম সার্ভেয়ার নামকরণ করার প্রতিবাদে বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট কুমিল্লার বিক্ষুব্ধ ছাত্ররা গতকাল বেলা ১১টার দিকে ওই ক্যাম্পাসে মিছিল বের করে। তারা অধ্যক্ষের কক্ষ, শিক্ষক ফিলদায়তন ও গবেষণাগার কক্ষের দরজা-জানালা এবং আসবাবপত্র ভাংচুর করে ঢাকা-চট্টগ্রাম রেলপথ অবরোধ করতে যাওয়ার পথে ফ্যাসিলিটিজ বিভাগের নির্বাহী প্রকৌশলীর গাড়িতে হানসা চালায়। দুপুর সাড়ে ১২টার দিকে বিক্ষুব্ধ ছাত্ররা ৪০ ফুট দীর্ঘ রেললাইন উৎপাটন করে ফেলালে ঢাকা-চট্টগ্রাম, চাঁদপুর ও সিলেট রেলপথে ট্রেন চলাচল বন্ধ হয়ে পড়ে। কুমিল্লা রেলওয়ে স্টেশন থেকে বেলা ১টার দিকে উপসহকারী প্রকৌশলী ঘটনাস্থলে গিয়ে লাইন পুনঃস্থাপন করার পর বিকাল প্রায় ৪টার দিকে ট্রেন চলাচল স্বাভাবিক হয়।

বেলা আড়াইটার দিকে বিক্ষুব্ধ ছাত্ররা জেলা প্রশাসক তারিক-উল-ইসলামকে ঘটনাটি অবহিত করে ফেরার পথে পুলিশ ওই ইন্সটিটিউটের ছাত্র সংসদের সহ-সভাপতি কবীর আহমেদ, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম শায়েরসহ ৩১ জন ছাত্রকে ৫৪ ঘণ্টায় মেফতার করে কোতোয়ালি থানায় নিয়ে যায়। বিকালে তাদের সদর মাজিস্ট্রেট কোর্টে হাজিরের পর সন্ধ্যায় জেলহাজতে প্রেরণ করা হয়। এ ঘটনায় কুমিল্লা কোতোয়ালি এবং লাকসাম রেলওয়ে থানায় দুটি পৃথক মানলা দায়ের হয়েছে। জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক আনিসুর রহমান মিষ্ট সার্ভে ইন্সটিটিউটের ছাত্রদের মেফতারের নিন্দা এবং তাদের নিঃশর্ত মুক্তি দাবি করেছেন।